

সংযুক্তো আমীর শাহীর সেনাবাহিনীর উপ-সর্বাধিনায়ক তথা আবু ধাবির যুবরাজে র ভারতে রাষ্ট্রীয় সফর

১. মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে আবুধাবির যুবরাজ তথা সংযুক্তো আমীর শাহীর সেনাবাহিনীর উপ-সর্বাধিনায়ক রাজাধিরাজ জেনারেল শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান ১০-১২ ফেব্রুয়ারি ২০১৬. ভারতে প্রথম রাষ্ট্রীয় সফর করছেন। মন্ত্রী, উচ্চপর্যায়ের আমলা এবং শিল্পসংস্থার কর্ণধার সহ প্রতিনিধিদলটি তাঁর সফরসঙ্গী হচ্ছেন।
২. আসন্ন সফরে আবুধাবির মহামান্য যুবরাজ সম্মানীয় রাষ্ট্রপতির সংগে সাক্ষাৎ করবেন এবং পারস্পরিক স্বার্থ সংক্রান্ত বিষয়ে সম্মানীয় প্রধানমন্ত্রীর সংগে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। ২০১৫ সালের আগস্ট মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংযুক্তো আমীর শাহী সফরের ফলশ্রুতিতে এই সফর। প্রধানমন্ত্রীর সফরের সময় দুই দেশ দ্বিপাক্ষিক সম্পর্ককে সুসংহত স্ট্র্যাটেজিক অংশীদারিতে উন্নীত করতে সহমত হয়।
৩. পারস্পরিক লাভজনক বাণিজ্যিক বিনিময় এবং বিস্তৃত মানুষের সংগে মানুষের যোগাযোগের ভিত্তিতে ভারত ও সংযুক্তো আমীর শাহীর মধ্যে ঐতিহাসিকভাবে নিবিড় এবং মৈত্রীসুলভ সম্পর্ক বিদ্যমান। আমাদের সুষম ভারসাম্যের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ৫৯ মার্কিন ডলারে পৌঁছে যাওয়ায় সংযুক্তো আমীর শাহী ভারতের তৃতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদারে রূপান্তরিত হয়েছে। প্রত্যক্ষ বিদেশি পুঁজি লগ্নির ভিত্তিতে সংযুক্তো আমীর শাহী ভারতের বৃহত্তম বিনিয়োগকারী দেশ। ভারতের এনার্জি নিরাপত্তা সুনিশ্চিত করতে ওদের অবদান উল্লেখজনক এবং ২০১৪-১৫ সালে ভারতের ষষ্ঠ বৃহত্তম অপরিশোধিত তেল সরবরাহকারী দেশ সংযুক্তো আমীর শাহী।
৪. সংযুক্তো আমীর শাহীতে বসবাসকারী দেশত্যাগীদের মধ্যে প্রায় ২৬ লক্ষ কর্মঠ এবং প্রাণচঞ্চল ভারতীয়দের সংখ্যাই সর্বাধিক বেশি। আমাদের উৎকৃষ্ট দ্বিপাক্ষিক সংযোগের অন্যতম গুরুত্বপূর্ণ ভিত্তি হলো আশ্রয়দাতা দেশের উন্নয়নে ভারতীয়দের ইতিবাচক এবং বহু প্রশংসিত অবদান।
৫. উপসাগরীয় অঞ্চলের নিরাপত্তা ও স্থায়ীত্বে ভারতের স্বার্থ জড়িত। কেননা, এই অঞ্চলে ৭০ লক্ষ ভারতীয় বসবাস করেন। ভারতের অপরিশোধিত তেলের চাহিদার

দুই-তৃতীয়াংশ এই অঞ্চল থেকেই আমদানি হয় এবং আমাদের বৃহত্তম বাণিজ্যিক
অংশীদার।

নয়াদিল্লি

৭ ফেব্রুয়ারি ২০১৬